

■ আল-আলাক | Al-Alaq | الْعَلَق

আয়াতঃ ৯৬:৩

💵 আরবি মূল আয়াত:

إِقْرَا وَ رَبُّكَ الأَكْرَمُ ﴿ ٣﴾

পড়, আর তোমার রব মহামহিম। — আল-বায়ান

পাঠ কর, আর তোমার রব বড়ই অনুগ্রহশীল। — তাইসিরুল

পাঠ করঃ আর তোমার রাব্ব মহা মহিমান্বিত, — মুজিবুর রহমান

Recite, and your Lord is the most Generous - — Sahih International

৩. পড়ুন, আর আপনার রব মহিমাম্বিত(১)

(১) এখানে পড়ার আদেশের পুনরুল্লেখ করা হয়েছে। কেউ কেউ বলেন, প্রথম আদেশটি নিজে পাঠ করার আদেশ, আর দ্বিতীয়টি অন্যকে পাঠ করানো বা অন্যের নিকট প্রচারের নির্দেশ। [ফাতহুল কাদীর] অতঃপর মহান রব আল্লাহর সাথে عُرُمُ বিশেষণ যোগ করার মধ্যে এ ইঙ্গিত রয়েছে যে, মানুষ সৃষ্টি করা এবং তাদের শিক্ষাদান করার নেয়ামতের মধ্যে আল্লাহ তা'আলার নিজের কোন স্বার্থ ও লাভ নেই; বরং এগুলো তাঁরই অনুগ্রহ, তাঁরই দান। তিনি সর্বমহান দানশীল ও মহামহিমান্বিত। [আদওয়াউল বায়ান, মুয়াস্সার]

তাফসীরে জাকারিয়া

৩। তুমি পড়। আর তোমার প্রতিপালক মহামহিমান্বিত। [1]

[1] এ বাক্যটি তাকীদের জন্য ব্যবহার করা হয়েছে। এ দ্বারা বড় অলঙ্কারপূর্ণ ভঙ্গিমায় নবী (সাঃ) এর ওযরের জওয়াব দেওয়া হয়েছে, যা তিনি 'আমি পড়তে জানি না' বলে পেশ করেছিলেন। আল্লাহ বললেন, আল্লাহ মহামহিমান্বিত; তুমি পড়। অর্থাৎ, মানুষের ভুল-ক্রটি উপেক্ষা করা তাঁর বিশেষ গুণ।

তাফসীরে আহসানল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=6109

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন